# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১২. ইঞ্জিলগুলোর রচনাকাল ও লেখক

নতুন নিয়মের পাণ্ডুলিপিগুলোর অবস্থা পাঠক দেখেছেন। পুস্তকগুলো প্রথম খ্রিষ্টীয় শতকে লেখা বলে দাবি করা হলেও পরবর্তী প্রায় ৪০০ বছর পর্যন্ত এগুলোর কোনো পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি পাওয়া যায় না। যে পাণ্ডুলিপিগুলো ৪র্থ শতাব্দী বা তার কাছাকাছি সময়ে লেখা বলে মনে করা হচ্ছে সেগুলো লেখার  সময়ও নিশ্চিত নয়। সর্বোপরি এ সকল পাণ্ডুলিপির পুস্তকসংখ্যা, বিন্যাস, মূল ভাষ্য ও বক্তব্যের মধ্যে বিদ্যমান অগণিত বৈপরীত্য নিশ্চিতভাবেই প্রমাণ করে যে, এ সকল পুস্তকের মধ্যে সংযোজন, বিয়োজন ও পরিমার্জনের ধারা ৪র্থ শতাব্দীর পরেও অব্যাহত ছিল। আমরা প্রথমে ইঞ্জিলগুলোর বিষয় আলোচনা করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13897

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন